

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি-১৬২/ ২০২১-২০২২/ ১২৫৩

তারিখ : ৩০.০৬.২০২২

সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

বিষয়: রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ২০২১-২০২২ অর্থবছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২০২২' বাস্তবায়ন সংক্রান্ত ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) ২০২২ প্রতিবেদন।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর লক্ষ্যমাত্রার পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা ও এপিএ গাইডলাইন অনুযায়ী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন ও সিটিজেনস্ চার্টার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত)। এছাড়াও গত ২৭ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভা ও স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে (সভার কার্যবিবরণী)।

এমতাবস্থায়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সিটিজেনস্ চার্টার কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন ও সিটিজেনস্ চার্টার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন সংক্রান্ত ২০২১-২০২২ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) ২০২২ অগ্রগতি প্রতিবেদন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

শ্রদ্ধান্তে

আপনার বিশ্বস্ত

(মোঃ আব্দুল মান্নান)
ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপি সদয় জ্ঞাতার্থে

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
মহাব্যবস্থাপক (পরিচালন) মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে প্রতিবেদনটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। অফিস নথি।

বিষয়: রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ২০২১-২০২২ অর্থবছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২০২২' বাস্তবায়ন সংক্রান্ত ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন) ২০২২ প্রতিবেদন।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ' সংক্রান্ত কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ৪র্থ সভা গত ২৭ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। এক্ষেত্রে বিগত সভায় কমিটি কর্তৃক যে সকল সিদ্ধান্ত গৃহীত হয় তার বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরা হলো:

বিগত মার্চ/২০২২ (৩য় ত্রৈমাসিক) মাসের সিদ্ধান্ত বাস্তবায়ন:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক এ বিভাগের ১০টি সেবা দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা করা হয় এবং সিটিজেনস চার্টার মোতাবেক সময়াবদ্ধ সেবা প্রদানের বিষয়ে সঠিকতা পাওয়া যায়। এ বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণের নির্দেশনা রয়েছে।	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রতি ত্রৈমাস অন্তর এ বিভাগের সেবাসমূহ দৈবচয়ন ভিত্তিতে পর্যালোচনা অব্যাহত রাখতে হবে	বাস্তবায়িত
২	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে অর্থাৎ প্রতি ত্রৈমাসিকের শেষ সপ্তাহে এতদসংক্রান্ত সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী একটি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রদর্শনসহ মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।	সভার সিদ্ধান্ত ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করেওয়েবসাইটে প্রদর্শনসহ মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখায় প্রেরণ করতে হবে।	বাস্তবায়িত
৩	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে প্রদর্শন বিষয়ে সভায় আলোচনা হয়। উল্লেখ্য ৩য় ত্রৈমাসিক সেবা প্রদান প্রতিশ্রুতি গত ২৯.০৩.২০২২ তারিখে ওয়েবসাইটে হালনাগাদ করা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।	বাস্তবায়িত
৪	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ সংক্রান্ত সিটিজেনস চার্টারে লক্ষ্যমাত্রায় ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি তুলে ধরা হয়েছে। উল্লেখ্য, ইতোমধ্যে এ বিষয়ে ২টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে এতদসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	বাস্তবায়িত
৫	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অর্ধ-বার্ষিক ভিত্তিতে ২টি অবহিতকরণ সভা আয়োজনের জন্য সিটিজেনস চার্টারে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর বিপরীতে ১টি সভা অনুষ্ঠিত হয়েছে।	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অর্ধ-বার্ষিক ভিত্তিতে ২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	বাস্তবায়িত

(মোঃ মহব্বত আলী বিশ্বাস)

উপ-মহািবস্থাপক

ও

সদস্য সচিব, সিটিজেন চার্টার কমিটি